



DU in Media

03 February 2025

দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'জুলাই স্মৃতি সংগ্রহশালায়' সংরক্ষণের জন্য শহীদ মো. আবু সাঈদ মিয়া এবং শহীদ মো. ওয়াসিম আকরাম-এর ব্যবহৃত জিনিসপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। শহীদ মো. আবু সাঈদ মিয়া-এর মাতা মোছা. মনোয়ারা বেগম এবং শহীদ মো. ওয়াসিম আকরাম-এর পিতা শফিউল আলম এসব জিনিসপত্র রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের কাছে হস্তান্তর করেন।

জুলাই স্মৃতি সংগ্রহশালায় শহীদ আবু সাঈদ ও ওয়াসিমের ব্যবহৃত জিনিসপত্র হস্তান্তর

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'জুলাই স্মৃতি সংগ্রহশালায়' সংরক্ষণের জন্য শহীদ মো. আবু সাঈদ মিয়া এবং শহীদ মো. ওয়াসিম আকরাম-এর ব্যবহৃত জিনিসপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। শহীদ মো. আবু সাঈদ মিয়া-এর মাতা মোছা. মনোয়ারা বেগম এবং শহীদ মো. ওয়াসিম আকরাম-এর পিতা শফিউল আলম এসব জিনিসপত্র রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের কাছে হস্তান্তর করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, চারুকলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন সহযোগী অধ্যাপক রেজা আসাদ আল হুদা অনুপম, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহবায়ক ড. আব্দুল্লাহ-আল-মামুনসহ শহীদ মো. আবু সাঈদ মিয়া এবং শহীদ ওয়াসিম আকরাম-এর পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ বান জুলাই ছাত্র-জনতার

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২

জনকণ্ঠ

আবু সাঈদ ও ওয়াসিমের ব্যবহৃত জিনিসপত্র হস্তান্তর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জুলাই স্মৃতি সংগ্রহশালায় সংরক্ষণের জন্য বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানের প্রথম শহীদ মো. আবু সাঈদ মিয়ার শহীদ অবস্থায় পরনে থাকা প্যান্ট ও তৃতীয় শহীদ মো. ওয়াসিম আকরামের প্যান্ট, পাঞ্জাবি এবং তার পঠিত একটি বই ও ছবি বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে হস্তান্তর করা হয়েছে। এছাড়া সংগ্রহশালায় সংরক্ষণের জন্য শহীদ মীর মাহফুজুর রহমান মুক্ত এবং শহীদ মোহাম্মদ ফারহানুল ইসলাম ভূঁইয়ার (ফারহান কাইয়াজ) ব্যবহৃত জিনিসপত্রও হস্তান্তর করা হয়েছে।

রবিবার দুপুরে উপাচার্য অফিস-সংলগ্ন সভাকক্ষে শহীদদের পরিবারের পক্ষ থেকে এসব সামগ্রী হস্তান্তর করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান, প্রো-উপাচার্য অধ্যাপক সায়মা হক বিদিশা (প্রশাসন), প্রো-উপাচার্য অধ্যাপক মামুন আহমেদ (শিক্ষা), কোষাধ্যক্ষ অধ্যাপক জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমেদ। হস্তান্তর

অনুষ্ঠানে শহীদ আবু সাঈদের পরিবারের পক্ষ থেকে উপস্থিত ছিলেন তার মা মোছা. মনোয়ারা বেগম ও ভাই। আর শহীদ ওয়াসিমের পরিবারের পক্ষ থেকে উপস্থিত ছিলেন বাবা শফিউল আলম। এ সময় তার বোন সাবরিনা ইয়াছমিন উপস্থিত ছিলেন। এ ছাড়া শহীদ ফারহান ফাইয়াজের বাবা আলহাজ শহিদুল ইসলাম ভূঁইয়া এবং শহীদ মুক্কার যমজ ভাই মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ এসব জিনিসপত্র হস্তান্তর করেন।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান জুলাই ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, গণঅভ্যুত্থানে

আহতদের স্মৃতি রক্ষার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'জুলাই স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া, জুলাই অভ্যুত্থানকে উপজীব্য করে একাডেমিক গবেষণা, আন্তর্জাতিক সম্মেলন ও সেমিনার আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, হতাহত ব্যক্তিদের কিছু আর্থিক সহযোগিতা প্রদানেরও চেষ্টা করা হচ্ছে।

ঢাবি জুলাই স্মৃতি সংগ্রহশালা

দেশ রূপান্তর

সাঈদ ও ওয়াসিমের ব্যবহার্য 'জুলাই স্মৃতি সংগ্রহশালায়'

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) 'জুলাই স্মৃতি সংগ্রহশালায়' সংরক্ষণের জন্য শহীদ মো. আবু সাঈদ মিয়া এবং মো. ওয়াসিম আকরামের ব্যবহৃত জিনিসপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে।

গতকাল রবিবার আবু সাঈদ মিয়ার মা মোছা. মনোয়ারা বেগম এবং ওয়াসিম আকরামের বাবা শফিউল আলম এসব জিনিসপত্র ঢাবি উপাচার্য (ভিসি) প্রফেসর ড. নিয়াজ আহমদ খানের কাছে হস্তান্তর করেন।

এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) প্রফেসর ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) প্রফেসর ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ প্রফেসর ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, চারুকলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন সহযোগী প্রফেসর রেজা আসাদ আল হুদা অনুপম, প্রক্টর সহযোগী প্রফেসর সাইফুদ্দীন আহমদ এবং প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহবায়ক ড. আব্দুল্লাহ আল-মামুনসহ আবু সাঈদ মিয়া এবং ওয়াসিম আকরামের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।